## National Museum of Science & Technology

Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka-1207
Tel: +88-02-9112084; Fax: +8802-9114831
Website: www.nmst.gov.bd; Email: infonmst@gmail.com

Ref No. 39.404.032.00.00.001.2010-105 Date: 26/02/2012

# Invitation for Tender

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

| | | | |
|---|---|---|---|
| 1 | Ministry/Division | Science and Technology. | |
| 2 | Agency | National Museum of Science & Technology (NMST). | |
| 3 | Procuring entity name | Director General, National Museum of Science & Technology. | |
| 4 | Procuring entity code | N/A | |
| 5 | Procuring entity district | Dhaka | |
| 6 | Invitation for | Supply, Installation & Commissioning of Scientific Exhibit and Repairs of Various Exhibits/Objects of the Museum. | |
| 7 | Invitation Ref No. | 39.404.032.00.00.001.2010- | |
| 8 | Date | 26/02/2012 | |
| KEY INFORMATION | | | |
| 9 | Procurement method | Open Tendering Method. | |
| FUNDING INFORMATION | | | |
| 10 | Budget and source of funds | GOB | |
| 11 | Development partners (if applicable) | N/A | |
| PARTICULAR INFORMATION | | | |
| 12 | Project/programme code (if applicable) | N/A | |
| 13 | Project/programme name (if applicable) | N/A | |
| 14 | Tender package No. | 01 | |
| 15 | Tender package name | New Exhibit Collection and Renovations, Repairs & Maintenances of Scientific Exhibits/Objects. | |
| 16 | Tender publication date | 29/02/2012 | |
| 17 | Tender last selling date | 21/03/2012 | |
| | | Date | Time |
| 18 | Tender closing date and time | 22/03/2012 | 12.00 noon |
| 19 | Tender opening date and time | 22/03/2012 | 12.15pm |
| 20 | Name & address of the office(s) | | |
| i | Selling tender documents (principal) | Account Section, National Museum of Science & Technology. | |
| ii | Selling tender documents (others) | Account Section, National Museum of Science & Technology. | |
| iii | Receiving tender documents | Administrative Section, National Museum of Science & Technology. | |
| iv | Opening tender documents | Administrative Section, National Museum of Science & Technology. | |
| INFORMATION FOR TENDERER | | | |
| 21 | Eligibility of tenderer | As per tender schedule. | |
| 22 | Brief description of goods | As per tender schedule. | |
| 23 | Brief description of related services | As per tender schedule. | |
| 24 | Price of tender document (Tk) | 500/- (non-refundable). | |

| 25 Lot No. | Identification of lot | Location | Tender security amount (Tk) | Completion time in weeks/months |
|---|---|---|---|---|
| 1 | Supply, Installation & Commissioning of Scientific Exhibits | NMST-Dhaka | 20,000/- (twenty thousand Taka only) | Eight weeks from date of work order. |
| 2 | Repair & maintenance of non-functional existing exhibits & others | -do- | 8,000/- (eight thousand Taka only) | Six weeks from date of work order. |

| | | |
|---|---|---|
| PROCURING ENTITY DETAILS | | |
| 26 | Name of official inviting tender | Mohammad Saidur Rahman. |
| 27 | Designation of official inviting tender | Director-General. |
| 28 | Address of official inviting tender | National Museum of Science & Technology, Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka-1207. |
| 29 | Contact details of official inviting tender | Tel: 9112084; Fax: 9114831; Email: infonmst@gmail.com |
| 30 | | 1. The purchaser reserves the right to reject all tenders (partially or fully) or annul the tender proceedings. If any day mentioned in the advertisement is holiday, then next working day will be counted.<br>2. Each lot will be considered as separate tender.<br>3. The tender document can be submitted at any working day and time to the abovementioned address.<br>4. Tender document can be submitted by hand to hand, by post or by courier service to the abovementioned address. |

GD-895

Mohammad Saidur Rahman
Director General

---

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিডিএসপি-৪ (ডিএই অংগ) প্রকল্প
নোয়াখালী

স্মারক নং-সিডিএসপি-৪/জনবল-১/২০১২/৩৪৩ তারিখঃ ২৬/০২/২০১২ইং

# আউটসোর্সিং-এর প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | : কৃষি মন্ত্রণালয়। |
| ২। | এজেন্সী | : কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। |
| ৩। | জনবল সংগ্রহকারী কর্তৃপক্ষ | : প্রকল্প পরিচালক, "চর উন্নয়ন ও বসতিস্থাপন প্রকল্প-৪ (সিডিএসপি-৪, ডিএই অংগ), নোয়াখালী।" |
| ৪। | দরপত্র আহ্বানের বিষয় | : আউটসোর্সিং এর মাধ্যমে ১ (এক) জন ড্রাইভার ও ১ (এক) জন এমএলএসএস নিয়োগ। |
| ৫। | বাজেট ও তহবিলের উৎস | : উন্নয়ন বাজেট, জিওবি। |
| ৬। | প্রতিষ্ঠান/সংস্থার যোগ্যতা | : (ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন ও আয়কর প্রদানের সনদ।<br>(খ) প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক বিগত তিন বা ততোধিক বছরে সরকারি/বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠিত ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানে জনবল সরবরাহের অভিজ্ঞতার সনদপত্রধারী প্রতিষ্ঠান।<br>(গ) নিজস্ব অফিসসহ প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান, বিশ্বস্ত জনবল ও ব্যবস্থাপনার যোগ্যতা।<br>(ঘ) দরপত্র সিডিউলে আরোপিত সকল যোগ্যতাসম্পন্ন ও শর্ত পালনে সক্ষম। |
| ৭। | দরপত্র সিডিউল ক্রয়ের স্থান, তারিখ, সময় ও মূল্য | : প্রকল্প পরিচালকের কার্যালয়, "চর উন্নয়ন ও বসতিস্থাপন প্রকল্প-৪ (সিডিএসপি-৪, ডিএই অংগ), নোয়াখালী" ০১/০৩/২০১২ হতে ১৩/০৩/২০১২ অফিস চলাকালীন সময় পর্যন্ত। একক সিডিউলের মূল্য = ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র। |
| ৮। | দরপত্র দাখিলের স্থান, শেষ তারিখ ও সময় | : প্রকল্প পরিচালকের কার্যালয়, "চর উন্নয়ন ও বসতিস্থাপন প্রকল্প-৪ (সিডিএসপি-৪, ডিএই অংগ), নোয়াখালী" তারিখ-১৫/০৩/২০১২ সময়-দুপুর ১.০০ ঘটিকা। |
| ৯। | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | : ১৫/০৩/২০১২ইং বিকাল ৩.০০ ঘটিকায় উপরোল্লিখিত স্থানে ও সময়ে উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে। |
| ১০। | চুক্তির মেয়াদকাল | : প্রকল্প মেয়াদকাল পর্যন্ত (৩১/১২/২০১৬ইং পর্যন্ত)। |
| ১১। | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম ও পদবী | : এম. আমীর হোসাইন, প্রকল্প পরিচালক, চর উন্নয়ন ও বসতিস্থাপন প্রকল্প-৪ (সিডিএসপি-৪, ডিএই অংগ), নোয়াখালী। |
| ১২। | যোগাযোগ | : প্রকল্প পরিচালক, চর উন্নয়ন ও বসতিস্থাপন প্রকল্প-৪ (সিডিএসপি-৪, ডিএই অংগ), নোয়াখালী। ফোন নং-০৩২১-৬১৩১১ মোবাইল ০১৮১৮৭৩৩২৮৮। |
| ১৩। | সংরক্ষিত ক্ষমতা | : কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন দরপত্র গ্রহণ/বাতিল অথবা সংগ্রহ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |

এম. আমীর হোসাইন
প্রকল্প পরিচালক
সিডিএসপি-৪(ডিএই অংগ)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
নোয়াখালী

জিডি-৮৮৯

---

## রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

রাজউক ভবন, ঢাকা

# সম্প্রসারিত উত্তরা ৩য় পর্ব প্রকল্পের ১৮ নং সেক্টরে "এ" ক্যাটেগরীর ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তি

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সম্প্রসারিত উত্তরা ৩য় পর্ব প্রকল্পের ১৮ নং সেক্টরের অত্যাধুনিক সুবিধা সমৃদ্ধ কম-বেশী প্রতিটি ১৬২০ বর্গফুট (নিট ১২৫০ বর্গফুট এবং কমনস্পেস ৩৭০ বর্গফুট) আয়তনের ৬৬০০টি "এ" ক্যাটেগরীর ফ্ল্যাট (প্রতিটি ফ্ল্যাটের জন্য একটি করে গ্যারেজ থাকিবে) বরাদ্দের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকগণের নিকট হইতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাইতেছে।

২. রাজউক ভবনস্থ সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক লিমিটেড কর্পোরেট শাখা, জনতা ব্যাংক লিমিটেড, উত্তরা মডেল টাউন কর্পোরেট শাখা/আব্দুল গনি রোড শাখা/আরমানিটোলা শাখা এবং সোনালী/অগ্রণী ব্যাংক লিমিটেড, গুলশান শাখা হইতে নগদ টাঃ ১,০০০/- (এক হাজার) মাত্র (অফেরতযোগ্য) প্রদান করিয়া ০১.০৩.২০১২খ্রিঃ তারিখ হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করা যাইবে।

৩. রাজউক ওয়েবসাইট (www.rajukdhaka.gov.bd) হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করিয়া প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে জামানতের অর্থ "চেয়ারম্যান, রাজউক-উত্তরা এ্যাপার্টমেন্ট প্রজেক্ট" এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে ২নং অনুচ্ছেদে বর্ণিত ব্যাংকের শাখাসমূহে আবেদনপত্র জমা প্রদান করা যাইবে। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ নগদ টাঃ ১,০০০/- (এক হাজার) মাত্র (অফেরতযোগ্য) আবেদনপত্র জমাদানকালে সংশ্লিষ্ট ব্যাংকে জমা প্রদান করিতে হইবে।

৪. আবেদনপত্র যে ব্যাংক হইতে সংগ্রহ করা হইবে উক্ত ব্যাংকেই আগামী ৩০.০৪.২০১২খ্রিঃ তারিখের মধ্যে ব্যাংক চলাকালীন সময়ে আবেদনপত্র জমা প্রদান করা যাইবে।

৫. বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ রাজউক ওয়েবসাইট (www.rajukdhaka.gov.bd) হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করিয়া প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে "চেয়ারম্যান, রাজউক-উত্তরা এ্যাপার্টমেন্ট প্রজেক্ট" এর বরাবর নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করিতে পারিবেন। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ $ 20/- মার্কিন ডলার (অফেরতযোগ্য) জামানতের সঙ্গে জমা প্রদান করিতে হইবে।

৬. বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণের ক্ষেত্রেঃ
ক) বর্তমানে যাহারা স্বল্প সময়ের জন্য দেশে অবস্থান করিতেছেন তাহারা নিজস্ব এফ.সি একাউন্ট হইতে নির্ধারিত ডলার প্রদানপূর্বক আবেদন করিতে পারিবেন। সেক্ষেত্রে টাঃ ১৫০/- (টাকা একশত পঞ্চাশ) মাত্র মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নমুনা মোতাবেক হলফনামা ও পাসপোর্টের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে।
খ) নমুনা মোতাবেক হলফনামা, আবেদনকারীর ছবি ও পাসপোর্টের কপি সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ হাইকমিশন/দূতাবাস অথবা নোটারী পাবলিক দ্বারা সম্পাদন/সত্যায়িত করা যাইবে। সে ক্ষেত্রে টাঃ ১৫০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্প প্রযোজ্য হইবে না।
গ) জামানতের অর্থ সম্প্রসারিত উত্তরা ৩য় পর্ব প্রকল্পের ১৮ নং সেক্টরের ফ্ল্যাট বরাদ্দের ক্ষেত্রে "চেয়ারম্যান, রাজউক-উত্তরা এ্যাপার্টমেন্ট প্রজেক্ট" এর অনুকূলে এফ.ডি.ডি/টি.টি এর মাধ্যমে Sonali Bank Limited, Wage Earner Corp. Branch, Dhaka রাজউকের FC Account No. 216869 এবং Janata Bank Limited, Foreign Exchange Corp. Branch, Dhaka রাজউকের FC Account- 42071254 এবং Agrani Bank Limited, Foreign Exchange Corporate Branch, 1/B, Rajuk Avenue, Motijheel C/A, Dhaka, FCAD Account No-004তে প্রেরণ করিতে হইবে।

৭. রাজউকের পূর্বাচল ও ঝিলমিল প্রকল্পের ক্ষতিগ্রস্ত ব্যতীত (যেহেতু উক্ত দুইটি প্রকল্পে ফ্ল্যাট নির্মাণ প্রকল্প রহিয়াছে) রাজউকের অন্যান্য প্রকল্পসহ রাজউকের আওতাধীন সরকারি যে কোন উন্নয়ন প্রকল্পে ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা, যাহারা ইতোপূর্বে রাজউকের আওতাধীন কোন প্লট বা ফ্ল্যাট বরাদ্দ পাননি, তাহারা ক্ষতিগ্রস্ত হিসাবে ফ্ল্যাটের জন্য আবেদন করিতে পারিবেন। এই জন্য আবেদনপত্রের সাথে ক্ষতিগ্রস্ত হওয়ার সমর্থনে মূল এওয়ার্ড সার্টিফিকেট সংযুক্তকরতঃ বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অবশ্যই পালন করিয়া আবেদনপত্র দাখিল করিতে হইবে। ইতোপূর্বে যে সকল আবেদনকারী ক্ষতিগ্রস্ত ক্যাটেগরীতে প্লট বরাদ্দের জন্য আবেদন করিয়া প্লট বরাদ্দ প্রাপ্ত হননি তাহাদেরকে নতুনভাবে আবেদন করিতে হইবে।

৮. নিম্নবর্ণিত আয়তনের ফ্ল্যাট বরাদ্দের জন্য বাংলাদেশী আবেদনকারীগণকে জামানত হিসাবে টাকা জমার ব্যাংক রশিদ আবেদনপত্রের সঙ্গে দাখিল করিতে হইবে।
- ১৬২০ বর্গফুট আয়তনের ফ্ল্যাটের জন্য টাঃ ৩,০০,০০০/- (টাকা তিন লক্ষ) মাত্র।

উল্লেখ্য, ঢাকা সিটি কর্পোরেশনের অধিভুক্ত অধিবাসীদের ক্ষেত্রে জামানতের অর্থ পে-অর্ডারের মাধ্যমে এবং উক্ত এলাকার বাহিরের অধিবাসীদের ক্ষেত্রে ডিডি-এর মাধ্যমে নির্ধারিত ব্যাংকে জমা দিতে হইবে।

৯. নিম্নবর্ণিত আয়তনের ফ্ল্যাট বরাদ্দের জন্য বৈদেশিক মুদ্রায় আবেদনকারীগণকে জামানত হিসাবে মার্কিন ডলার "চেয়ারম্যান, রাজউক-উত্তরা এ্যাপার্টমেন্ট প্রজেক্ট" এর অনুকূলে এফডিডি/টিটি এর মাধ্যমে নির্ধারিত ব্যাংকে প্রেরণ করিতে হইবে।
- ১৬২০ বর্গফুট আয়তনের ফ্ল্যাটের জন্য মার্কিন ডলার ৩,৬৫০/- (তিন হাজার ছয়শত পঞ্চাশ) মাত্র।

১০. রাজউকের আওতাধীন এলাকার মধ্যে যদি কাহারো নিজ নামে বাড়ি/ফ্ল্যাট/প্লট/জমি থাকে তবে তিনি আবেদন করার যোগ্য বিবেচিত হইবেন না। যদি কোন আবেদনকারী উক্ত শর্ত ভঙ্গ করিয়া আবেদনপত্রে উল্লেখিত যেকোন ক্যাটেগরীতে আবেদন করিয়া থাকেন তবে তাহার আবেদনপত্র বাতিল করা হইবে এবং দরখাস্তের সহিত প্রদত্ত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হইবে এবং পাশাপাশি দেওয়ানী ও ফৌজদারী আইনের অধীনে অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হইবে। এমনকি ফ্ল্যাট বরাদ্দের পরও শর্ত ভঙ্গের প্রমাণ পাওয়া গেলে বরাদ্দ পত্র বাতিল করিয়া রাজউকের অনুকূলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হইবে এবং পাশাপাশি দেওয়ানী ও ফৌজদারী আইনের অধীনে অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হইবে।

১১. আবেদনকারীর বয়স অবশ্যই ০১লা মার্চ, ২০১২ তারিখে ন্যূনতম ২৫ (পঁচিশ) বৎসর হইতে হইবে। আবেদনকারীর অবশ্যই নিজস্ব আয় থাকিতে হইবে এবং ইহার সমর্থনে প্রমাণক দাখিল করিতে হইবে।

১২. সাংবাদিক ক্যাটেগরীর ক্ষেত্রে ৭ম ওয়েজবোর্ডভুক্ত সাংবাদিকগণ উক্ত ওয়েজবোর্ডে অন্তর্ভূক্তির প্রমাণপত্র ও উপযুক্ত কর্তৃপক্ষের সাংবাদিকতার সনদপত্রের সত্যায়িত কপি অবশ্যই দাখিল করিতে হইবে।

১৩. মুক্তিযোদ্ধা ক্যাটাগরীতে আবেদনকারীগণ নিম্নলিখিত যে কোন একটি সাব-ক্যাটেগরীতে আবেদন করিতে পারিবেন এবং আবেদন ফরমে মুক্তিযোদ্ধার সাব-ক্যাটেগরী উল্লেখ করিতে হইবে।
(ক) **খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা:** তিনি, তাহার অবর্তমানে তাঁর বিধবা স্ত্রী এবং স্ত্রীর অবর্তমানে পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার অবর্তমানে পুত্র-কন্যার পুত্র-কন্যা।
(খ) **শহীদ মুক্তিযোদ্ধা:** তাহার বিধবা স্ত্রী, স্ত্রীর অবর্তমানে পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার অবর্তমানে পুত্র-কন্যার পুত্র-কন্যা।
(গ) **যুদ্ধাহত মুক্তিযোদ্ধা:** তিনি, তাহার অবর্তমানে তাহার বিধবা স্ত্রী এবং স্ত্রীর অবর্তমানে পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার অবর্তমানে পুত্র-কন্যার পুত্র-কন্যা।
(ঘ) **মুক্তিযোদ্ধা:** তিনি, তাহার অবর্তমানে তাহার বিধবা স্ত্রী এবং স্ত্রীর অবর্তমানে পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার অবর্তমানে পুত্র-কন্যার পুত্র-কন্যা।
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় জারিকৃত বিধি-বিধানের আলোকে আবেদনকারীদের যথাযথ ক্যাটেগরীতে প্রত্যায়িত হইতে হইবে এবং মুক্তিযোদ্ধাদের সকল ক্যাটেগরীর উত্তরাধিকারীগণ যৌথভাবে/এককভাবে একটি ফ্ল্যাটের জন্য আবেদন করিতে পারিবেন। তবে একটি মুক্তিযোদ্ধা পরিবার একের অধিক ফ্ল্যাট বরাদ্দ পাইবেন না।

১৪. ব্যবসায়ী/শিল্পপতিদের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার উপর্যুক্ত কর্তৃপক্ষের ট্রেড লাইসেন্সধারী ব্যবসায়ীগণ আবেদন করিতে পারিবেন।

১৫. আইনজীবি, কৃষিবিদ, প্রকৌশলী, চিকিৎসক ক্যাটেগরীর আবেদনকারীদের'কে স্ব-স্ব রেজিস্ট্রার্ড কেন্দ্রীয় সংগঠনের প্রত্যায়নপত্র অবশ্যই দাখিল করিতে হইবে।

১৬. বেসরকারি শিক্ষক ক্যাটেগরীর ক্ষেত্রে শুধুমাত্র বিভিন্ন প্রতিষ্ঠানে (এমপিওভুক্ত/NTRCA কর্তৃক নিবন্ধিত) কর্মরত শিক্ষক/শিক্ষিকাগণ এ ক্যাটেগরীতে আবেদন করিতে পারিবেন।

১৭. প্রতিবন্ধী ক্যাটেগরীতে আবেদনকারীগণকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদপত্র দাখিল করিতে হইবে।

১৮. যে সকল আবেদনকারী ফ্ল্যাট বরাদ্দের জন্য মনোনীত হইবেন না তাহারা তাহাদের প্রদত্ত জামানতের অর্থ কোন ব্যাংক হিসেবে ফেরত নিতে চান তাহা আবেদনপত্রে অবশ্যই উল্লেখ করিতে হইবে।

১৯. অসম্পূর্ণ/ভুল/মিথ্যা তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

২০. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করিবে।

২১. বিস্তারিত তথ্য রাজউকের ওয়েবসাইট (www.rajukdhaka.gov.bd) এবং প্রসপেক্টাস হইতে জানা যাইবে।

চেয়ারম্যান
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা

জিডি-৮৪৬

---

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিডিএসপি-৪ (ডিএই অংগ) প্রকল্প
নোয়াখালী

স্মারক নং-সিডিএসপি-৪/জনবল-১/২০১২/৩৪২ তারিখঃ ২৬/০২/২০১২ইং

# নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন "চর উন্নয়ন ও বসতিস্থাপন প্রকল্প-৪ (সিডিএসপি-৪, ডিএই অংগ), নোয়াখালী" প্রকল্পের মেয়াদকালীন সময়ে চাকুরীতে নিম্নবর্ণিত পদ পূরণের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | কম্পিউটার অপারেটর | ০১ | গ্রেড-১৪ | অনূর্ধ্ব ৩০ বছর | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি (বিজ্ঞান) এবং কম্পিউটার অপারেটর হিসাবে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। ডিএই প্রকল্পে কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

- বেতন গ্রেড অনুযায়ী সর্বসাকুল্যে বেতন সরকার কর্তৃক ঘোষিত জাতীয় বেতন স্কেল প্রযোজ্য হবে।

**নিয়োগের শর্তাবলীঃ**

১। নিম্নলিখিত বিবরণ ও সত্যায়িত সনদপত্রসহ আবেদনপত্র রেজিষ্টার্ড ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে প্রকল্প পরিচালক, "চর উন্নয়ন ও বসতিস্থাপন প্রকল্প-৪ (সিডিএসপি-৪, ডিএই অংগ)", কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নোয়াখালী বরাবর আগামী ১৫/০৩/২০১২ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে/কুরিয়ার সার্ভিস অথবা অন্য কোন উপায়ে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১.১ বিবরণঃ (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ২৯/২/২০১২ইং তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বিভাগ, শিক্ষা প্রতিষ্ঠানের নাম উল্লেখসহ) (ট) অভিজ্ঞতা (যদি থাকে)।

১.২ আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত ছায়ালিপি (প্রশংসাপত্র/মার্কসিট গ্রহণযোগ্য নয়)।
(খ) সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রথম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
(গ) চারিত্রিক সনদপত্র (প্রথম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।
(ঘ) নাগরিকত্ব সনদপত্র (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)।
(ঙ) অভিজ্ঞতার সনদপত্রের অনুলিপি যা প্রথম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।
(চ) মুক্তিযোদ্ধার সন্তান, মহিলা, এতিম, প্রতিবন্ধী ও উপজাতীয় এবং আনসার (ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে তার পিতা/মাতার অনুকূলে মক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট এর সত্যায়িত ছায়ালিপি।
(ছ) দরখাস্তের সঙ্গে প্রকল্প পরিচালক, চর উন্নয়ন ও বসতিস্থাপন প্রকল্প-৪ (সিডিএসপি-৪, ডিএই অংগ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নোয়াখালীর অনুকূলে ১০০/- টাকা মূল্যমানের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, (সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে) সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
(জ) আবেদনপত্রের খামের উপরের ডান পার্শ্বে পদের নাম উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও পূর্ণ ঠিকানা উল্লেখপূর্বক ৪/- (চার) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫০X৪.৫০ ইঞ্চি বিশিষ্ট খাম সংযুক্ত করতে হবে।

২। কোন সরকারি বা আধা-সরকারি সংস্থায় কর্মরত প্রার্থীগণও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্রের সাথে সংযুক্ত ছবি এবং অন্যান্য কাগজপত্র সত্যায়িত করার ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার স্বাক্ষরের নীচে নাম ও ফোন নম্বরসহ সিল না থাকলে কিংবা সিলটি অস্পষ্ট হওয়ার কারণে কর্মকর্তার নাম ও পদবী পাঠযোগ্য না হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৪। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৫। প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৬। উল্লিখিত পদের জন্য বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি বিধান অনুসরণ করা হবে।

৮। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

৯। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

এম আমীর হোসাইন
প্রকল্প পরিচালক
সিডিএসপি-৪ (ডিএই অংগ)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
নোয়াখালী

জিডি-৮৮৮

---

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালকের কার্যালয়
"পাবনা টেক্সটাইল ইন্সটিটিউটকে পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে উন্নীতকরণ" শীর্ষক প্রকল্প, পাবনা

নং বস্ত্র/পাবঃটেক্সঃইঞ্জিঃকলেজ/জনঃনিয়োগ/১০৪/২০০৭/১৮১৮ তারিখঃ ২২/০২/২০১২ইং

# নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র দপ্তরের অধীন "পাবনা টেক্সটাইল ইন্সটিটিউটকে পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে উন্নীতকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য নিম্নোক্ত পদসমূহে লোক নিয়োগ ও প্যানেল তৈরির লক্ষ্যে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সাকুল্য বেতন গ্রেড | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | হিসাবরক্ষণ কর্মকর্তা গ্রেড-৯ | ০১ (এক) | হিসাব বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি। সমস্ত শিক্ষাজীবনে একটির বেশি ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়, সংশ্লিষ্ট কাজে সরকারি অথবা আধা-সরকারি অফিসে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |

**শর্তাবলীঃ**

(১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগ করা হবে।

(২) দরখাস্তকারীর নিজের নাম, পিতা/স্বামীর ও মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স (২৮/০৩/২০১২ইং তারিখে), জাতীয়তা, ধর্ম, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক সাদা কাগজে আবেদন লিখতে হবে।

(৩) প্রার্থীগণকে সিনিয়র সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্র ২৮/০৩/২০১২ইং তারিখের মধ্যে সিনিয়র সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, রুম নং-১১০২, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকায়, অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে।

(৪) সরকারি ও আধা-সরকারি সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(৫) প্রার্থীদের বয়স ২৮/০৩/২০১২ইং তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান ও অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে বয়সের সর্বোচ্চ সীমা ৩২ বৎসর পর্যন্ত।

(৬) খামের উপরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

(৭) সরকার কর্তৃক প্রদত্ত বেতন-ভাতাদি সরকারি নির্দেশ মোতাবেক প্রদান করা হবে।

(৮) প্রার্থীকে অত্র প্রকল্পের হিসাব সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্ন এবং সংরক্ষণের দায়িত্ব পালন করতে হবে।

(৯) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সহ যে কোন কারণে এ নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক নিয়োগ কার্যক্রম যে কোন পর্যায়ে বাতিল/স্থগিত করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**দরখাস্তের সাথে যে সমস্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।**

(১) শিক্ষাগত যোগ্যতা মার্কসীটসহ ও অভিজ্ঞতার মূল সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(২) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামাঙ্কিত সীলসহ) সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের ২ (দুই) কপি ছবি।

(৩) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(৪) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র/কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্র।

(৫) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(৬) সরকারি/আধা-সরকারি অফিসে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।

মোঃ মহসিনুল আলম (উপ-সচিব)
প্রকল্প পরিচালক
টেলিফোন নং-০৭৩১-৬৫০৯০
E-mail: pdtextilepab@yahoo.com

জিডি-৮৬৬